

ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয়ের লক্ষ্যে 33তম ওয়ার্কিং মেকানিজমের বৈঠক
(25 মার্চ, 2025)

25 মার্চ, 2025

ভারত-চীন সীমান্ত বিষয়ক পরামর্শ ও সমন্বয়ের জন্য 33 তম ওয়ার্কিং মেকানিজমের বৈঠক 25 মার্চ 2025 তারিখে বেজিংয়ে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব ছিলেন শ্রী গৌরঙ্গলাল দাস, যুগ্ম সচিব (পূর্ব এশিয়া) এবং চীনা প্রতিনিধি দলকে নেতৃত্ব দেন চিনের ফরেন অ্যাফেয়ার্স মিনিস্ট্রির বাউন্ডারি এবং ওশান অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের ডিরেক্টর জেনারেল শ্রী হং লিয়াং।

2. ইতিবাচক ও গঠনমূলক পরিবেশে অনুষ্ঠিত, ভারত-চীন সীমান্ত অঞ্চলে প্রকৃত নিয়ন্ত্রণ রেখার নিকটবর্তী এলাকার পরিস্থিতি এই বৈঠকে ব্যাপক ভাবে পর্যালোচনা করা হয়। সামগ্রিক দ্বিপাক্ষিক সম্পর্কের মসৃণ উন্নয়নের জন্য সীমান্ত এলাকায় শান্তি ও স্থিতিশীলতা গুরুত্বপূর্ণ। 2024 সালের ডিসেম্বরে বেজিংয়ে ভারত-চীন সীমান্ত প্রশ্নের 23 তম বিশেষ প্রতিনিধিদের বৈঠকে গৃহীত সিদ্ধান্তগুলি কার্যকর করার জন্য এবং কার্যকর সীমান্ত ব্যবস্থাপনার অগ্রগতির জন্য বিভিন্ন পদক্ষেপ এবং প্রস্তাবগুলি উভয় পক্ষই অনুসন্ধান করে। দু'পক্ষই এই লক্ষ্যে প্রাসঙ্গিক কূটনৈতিক ও সামরিক ব্যবস্থা বজায় রাখতে এবং শক্তিশালী করতে সম্মত হয়েছে। সীমান্তবর্তী নদী এবং কৈলাশ-মানসরোবর যাত্রা সহ সীমান্ত-পার সহযোগিতা এবং বিনিময় শীঘ্র পুনরায় শুরু করার বিষয়েও তারা মতবিনিময় করেন।

3. এই বছরের শেষে ভারতে অনুষ্ঠিত বিশেষ প্রতিনিধিদের (এসআর) পরবর্তী বৈঠকের জন্য পর্যাপ্ত প্রস্তুতি নিতে দু'পক্ষ একসাথে কাজ করতে সম্মত হয়েছে।

4. ভারতীয় প্রতিনিধিদলের নেতা সহকারী পররাষ্ট্র মন্ত্রী মহামহিম শ্রী হং লি-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

নয়া দিল্লি

25 মার্চ, 2025